দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB. 2 1999
পৃষ্ঠা ১ কলাম ৫

17

# মাদ্রাসা শিক্ষা বন্ধ নয়—উন্নতির জন্য সরকার প্রচেষ্টা চালাবে ॥ সংসদে শিক্ষামন্ত্রী

সংসদ রিপোর্টার ॥ শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক সোমবার জাতীয় সংসদে দ্ব্যর্থহীন কণ্ঠে বলেন, মাদ্রাসা শিক্ষা বন্ধের কোন পরিকল্পনা সরকারের নেই। বরং সরকার মাদ্রাসা শিক্ষার উন্নতির জন্য প্রচেষ্টা চালাবে। মাদ্রাসা শিক্ষক-ছাত্রের বিরুদ্ধে কোন ব্যবস্থাও নেয়া হচ্ছে না। তবে যারা সন্ত্রাসী তারা ছাত্র-অছাত্র যাই হোক তাদেরকে ধরা হবে। এ বিষয়ে তদন্ত হচ্ছে। মন্ত্রী তিন শ' বিধিতে দেয়া এক বিবৃতিতে এ-কথা বলেন।

শিক্ষামন্ত্রী তাঁর বিবৃতিতে বলেন, মাদ্রাসা শিক্ষা সম্পর্কে বিশেষ মহলের কিছু কিছু লোক অসৎ ও উদ্দেশ্যমূলকভাবে বক্তব্য দিচ্ছেন। তাঁরা ধর্মের দোহাই দিয়ে দায়িত্বহীনতার পরিচয় দিচ্ছেন। একটি পত্রিকায় খবর প্রকাশিত হয়েছে, জুমার নামাজের সময় খুতবায় অসত্য ভাষণ দেয়া হয়েছে। মন্ত্রী বলেন, মাদ্রাসা শিক্ষা বন্ধ করার প্রশ্নই ওঠে না। সরকার মাদ্রাসা শিক্ষার উন্নতিকল্পে বহুবিধ প্রকল্প গ্রহণ করেছে। বঙ্গবন্ধু মাদ্রাসা শিক্ষা বোর্ড স্থাপন করেন দ্বীন শিক্ষার উন্নতির লক্ষ্যে। একই সঙ্গে তিনি ইসলামিক ফাউন্ডেশন গঠন করেন। বর্তমানে মাদ্রাসা শিক্ষকদের জন্য ১০ কোটি টাকা ব্যয়ে প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন করা হচ্ছে। এ ছাড়া আরও দু'টি প্রকল্প নেয়া হয়েছে। একটি প্রকল্পে ব্যয় হচ্ছে ৩১ কোটি টাকা আরেকটি প্রকল্পে ব্যয় হবে ২শ' কোটি টাকা। শিক্ষামন্ত্রী আরও বলেন, বর্তমান সরকার একটি শিক্ষানীতি গ্রহণ করেছে যা চূড়ান্ত পর্যায়ে

(২- পৃষ্ঠা ৫-এর ক: দেখুন)

## মাদ্রাসা শিক্ষা

*(প্রথম পাতার পর)*

রয়েছে। এতে মাদ্রাসা শিক্ষাকে গুরুত্ব দেয়া হয়েছে। তিনি বলেন, প্রচার চালানো হচ্ছে অস্ত্রধারীদের ধরার নামে মাদ্রাসা শিক্ষা বন্ধ করা হচ্ছে। তিনি বলেন, অস্ত্রধারীদের ধরা হবে। আইনের মাধ্যমে তাদের বিচার হবে। দোষী হলে শাস্তিও দেয়া হবে। তবে ইসলামী শিক্ষা ব্যবস্থা আছে, তা থাকবে এবং এর আরও উন্নতি করা হবে।